



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

লি.ফিদশধবফঁপথ়েরডহনডথৎফ.মড়া.নফ



নং- ঢাশবো/বি/৩৮/গাজী ৫০৭

তারিখ : ০২।০৬।২০২২

বিষয় : নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/০৮/২০২২ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০১।১।১।১।১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে হাতেখড়ি পাবলিক স্কুল-কে ০১/০১/২০২২ হতে ৩১/১২/২০২৪ তারিখ পর্যন্ত মোট ৩ (তিনি) বছরের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ে (৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত) অস্থায়ীভাবে একাডেমী স্বীকৃতি প্রদান করা হলো।

## শর্তসমূহ

- ১। এ অস্থায়ী স্বীকৃতি প্রদানের ফলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না।
- ২। পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে অস্থায়ী স্বীকৃতি প্রত্যাহার করা হবে।
- ৩। বিদ্যালয়ের শিক্ষারমান উন্নয়নের জন্য শিক্ষককে পাঠ্যভিত্তিক পাঠ্যপরিকল্পনা প্রস্তুত করে শ্রেণি কক্ষে পাঠ্যদান দিতে হবে।
- ৪। বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহপাঠ্যক্রমিক কার্যক্রম (বার্ষিক ত্রৈডানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান) পরিচালনা করতে হবে।
- ৫। বিদ্যালয়ের চারিপার্শ্বে মূল্যবান ফলজ ও বনজ বৃক্ষরোপন করে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
- ৬। সরকারি নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক নিয়োগ থাকতে হবে এবং প্যাটার্ন বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
- ৭। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- ৮। বিদ্যালয়ের জমি বিদ্যালয়ের নামে নামজারি ও খারিজ খতিয়ান এবং হালসন নাগাদ খাজনা পরিশোধ করতে হবে।
- ৯। বোর্ডের অনুমোদিত কমিটি দ্বারা বিদ্যালয় পরিচানা করতে হবে।
- ১০। বিদ্যালয়ে নিয়োগকৃত ও ভবিষ্যতে নিয়োগযোগ্য জনবলের বেতন-ভাত্তাদি নিজস্ব তহবিল হতে বহন করতে হবে।
- ১১। বেসরকারি বিদ্যালয়ের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- ১২। কোন শর্ত পূরণে ব্যর্থ হলে বোর্ড যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারে।
- ১৩। একাডেমিক স্বীকৃতির মেয়াদ শেষ হওয়ার ০৩(তিনি) মাস পূর্বে স্বীকৃতি নবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা প্রস্তুত করতে হবে।
- ১৪। বিদ্যালয়ের দৃশ্যমান একটি মুজিব কর্ণার স্থাপন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের অন্দেশক্রমে

প্রফেসর মোহাম্মদ আবুল মন্তুর উঞ্জ্জ্বা  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক

হাতেখড়ি পাবলিক স্কুল  
পোঁঃ চান্দনা চৌরাটা, উপজেলা- সদর  
জেলা- গাজীপুর।

মেমো নং- ৫০৭(৭)

তারিখ : ০২।০৬।২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।
- ৬। সভাপতি, ম্যানেজিং কমিটি, হাতেখড়ি পাবলিক স্কুল।
- ৭। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড